



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৬২

অংকের হিসাব লাগে জীবনের শেষ দিন পর্যন্ত

--পল্লী উন্নয়ন ও সমৰায় প্রতিমন্ত্রী

রাজশাহী; ০২ জ্যৈষ্ঠ (১৬ মে):

পল্লী উন্নয়ন ও সমৰায় প্রতিমন্ত্রী মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি বলেছেন, অংক জীবনে প্রতিটি ক্ষেত্রে লাগে। জীবন যখন শুরু হয় তখন থেকে অংক শুরু এবং জীবনের শেষ দিন পর্যন্ত অংকের হিসাব লাগে।

আজ বৃহস্পতিবার (১৬ মে) সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ তাজউদ্দিন আহমদ সিনেট ভবনে ২৩তম আন্তর্জাতিক গণিত সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

আব্দুল ওয়াদুদ বলেন, আপনাদের এই অংকের হিসাবটা আমাদের বাস্তব জীবনে মেলাতে চাই। আপনাদের অংক, জ্যামিতি আমরা মানুষের কল্যাণে কাজে লাগিয়ে একটি সময়িত ও বিদ্রেবহীন বাংলাদেশ গড়তে চাই, যেখানে মানুষ যা স্বপ্ন দেখবে নির্দিষ্টায় বাস্তবে সে তাই করবে। বাংলাদেশ পিছিয়ে থাকবে না, অংকও পিছিয়ে থাকবে না।

প্রতিমন্ত্রী বলেন, বিজ্ঞান ও বিজ্ঞান চর্চা মানুষকে আজ এই জায়গায় নিয়ে এসেছে। আমাদের দেশ যদিও বা একটু পিছিয়ে পড়েছে রাজনৈতিক অনেক কারণে। পিছিয়ে পড়লেও আমাদের গবেষক, শিক্ষক এবং ছাত্ররা গোটা পৃথিবীতে তাদের কর্মদক্ষতা প্রমাণ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিভিন্ন সংকট মোকাবিলায় চরম সাহসীকতা প্রদর্শন করেছে যা আমাদের সকলের জন্য অনুকরণীয়। বাংলাদেশ এখন পৃথিবীর রোল মডেল।

তিনি বলেন, বাঙালি জাতি একটি অত্যন্ত শক্তিশালী, সাহসী এবং মেধাবী জাতি। এই জাতিকে আমরা অংক, বিজ্ঞান ও অর্থনীতি দিয়ে ধরে রাখতে চাই।

এ সময় প্রতিমন্ত্রী কৃষি নির্ভর এই দেশে বিজ্ঞানমন্ত্র চিন্তা-ভাবনা থেকে নতুন নতুন উদ্ভাবনী জ্ঞানকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নিতে সকলকে আহ্বান জানান।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) গণিত বিভাগের প্রফেসর ড. মো: জুলফিকার আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে রাবির উপ-উপাচার্য প্রফেসর ড. মো: সুলতান-উল-ইসলাম, উপ-উপাচার্য প্রফেসর ড. মো: হুমায়ুন কবীর, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. নাহিমা আক্তার, বাংলাদেশ গণিত পরিষদের সভাপতি প্রফেসর ড. মো: শহিদুল ইসলাম, রাবির গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো: আসহাবুল হক বক্তৃতা করেন। অনুষ্ঠানে দেশি-বিদেশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/রঞ্জন/২০২৪/১৪.৩০ ঘ.